মেহেরপুরে পুলিশের অভিযানে ৯ আসামি গ্রেফতার

২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৯ আসামি গ্রেফতার করেছে মেহেরপুর পুলিশ।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত ৫ জন ও নিয়মিত মামলার ৪ আসামি রয়েছেন।

রবিবার সকাল থেকে আজ সোমবার (১১ নভেম্বর) ভোররাত পর্যন্ত মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর থানা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশের পৃথক টিম আলাদা আলাদা অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপরের কন্ট্রোলরুম এই তথ্য নিশ্চিত করেছে।

আজ সোমবার (১১ নভেম্বর) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতে নেওয়া হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে আন্ত:জেলা ডাকাত দলের তিন সদস্য গ্রেফতার

আন্তঃজেলা ডাকাত চক্রের ডাকাত সর্দারসহ ৩ সদস্যকে গ্রেফতার করেছে মেহেরপুর পুলিশ। এসময় ডাকাতির কাজে ব্যবহৃত দেশীয় অস্ত্র ও অন্যান্য মালামাল উদ্ধার করা হয়েছে।

গ্রেফতারকৃত ডাকাতরা হলো, রাজবাড়ি জেলার পাংশা উপজেলার সেনপাড়া কালিতলাপাড়া এলাকার ডাকাত দলের সর্দার মোঃ আলতাফ মন্ডল (৫৩), চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া গ্রামের ডাকাত সর্দার রমজান আলী ও ডাকাতদলের অন্যতম নেতৃত্বস্থানীয় ডাকাত

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার মো: আসাদুল ইসলাম ওরফে শরিফুল ইসলাম।

তথ্য প্রযুক্তির সহায়তায় গাংনী থানা পুলিশ, জেলা গোয়েন্দা শাখা ও মেহেরপুর জেলা সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল একযোগে পৃথক অভিযান চালিয়ে এসব ডাকাতদের গ্রেফতার করে।

আজ শনিবার (৯ নভেম্বর) সকাল ১১ টার সময় পুলিশ সুপারের কনফারেন্স রুমে আয়োজিত প্রেসকনফারেন্স সাংবাদিকদের আনুষ্ঠানিক ভাবে মেহেরপুর পুলিশ সুপার (এসপি) মাকসুদা আকতার খানম, পিপিএম এই তথ্য জানান।

তিনি জানান, ডাকাত সর্দার মোঃ আলতাফ মন্ডলকে গত ৫ নভেম্বর রাতে রাজবাড়ি জেলার পাংশা উপজেলার সেনপাড়া কালিতলা বাজার থেকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৭’শ টাকা ও মোবাইল ফোন জব্দ করা হয়।
ডাকাত সর্দার আলতাফের বিরুদ্ধে ৮ টি ডাকাতি মামলা ও ১ টি অস্ত্র মামলা আছে। গত ৬ নভেম্বর রাতে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার বড়বোয়ালিয়া থেকে ডাকাত সর্দার রমজান আলীকে গ্রেফতার করা হয়। ডাকাত রমজানের বিরুদ্ধে ১ টি ডাকাতি ও ১ টি চুরির মামলা রয়েছে। ডাকাত মো: আসাদুল ইসলাম ওরফে শরিফুল ইসলামকে গত ৭ নভেম্বর রাত ১০ টার দিকে চুয়াডাঙ্গার আলমডাঙ্গার জিহালা গ্রামে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়। ডাকাত আসাদুল ইসলাম ওরফে শরিফুল ইসলাম একটি হত্যা মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি। এছাড়া তাঁর বিরুদ্ধে একটি চুরির মামলা রয়েছে।

এসব ডাকাতদের গ্রেফতারের পর গত ৮ নভেম্বর বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়। তারা ফৌঃ কাঃ বিঃ ১৬৪ ধারায় স্বীকারোক্তি মূলক জবানবন্দী প্রদান করেন।

উল্লেখ্য, গত ২ নভেম্বর দিবাগত মধ্যরাতে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি নামক স্থানে রাস্তায় গাছ ফেলে ১০/১২ জন ডাকাত হাসুয়া করাতসহ দেশীয় অস্ত্র-শস্ত্র সজ্জিত হয়ে কুষ্টিয়ার দিক থেকে আসা ড্রামট্রাক, আলমসাধু, হানিফ পরিবহন ও কুষ্টিয়াগামী ড্রাম ট্রাক ও অন্যান্য যানবাহন আটকিয়ে গাড়ির ড্রাইভার, হেলপার এবং সাধারণ যাত্রীদের দেশীয় অস্ত্রের মুখে জিম্মি করে নগদ টাকাসহ অন্যান্য মালামাল ছিনিয়ে নেয়।

এসময় ড্রাম ট্রাকের এক চালক ও এক হেলপারকে হাসুয়া দিয়ে কুপিয়ে

রক্তাক্ত জখম করে। এই ঘটনায় অজ্ঞাতনামা ১০/১২ জন ডাকাতদের বিরুদ্ধে গাংনী থানায় একটি মামলা করা হয়। যার মামলা নং ০২, তাং- ০২/১১/২০২৪, ধারা- ৩৯৫/৩৯৭ পেনাল কোড।

এসময় মেহেরপুর এডিশনাল এসপি আবদুল করীমসহ পুলিশের কর্মকর্তারা ও স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১২

২৪ ঘন্টার অভিযানে মাদকসহ বিভিন্ন মামলায় ১২ জন আসামিকে গ্রেফতার করেছে মেহেরপুর পুলিশ। গ্রেফতারকৃতদের মধ্যে (নিয়মিত মামলা) মাদক মামলায় ৫ জন, পুরানো মামলায় ৩ জন আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামি রয়েছে।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এই তথ্য নিশ্চিত করেছেন।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (০৮ নভেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থান থেকে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৭ আসামি, মেহেরপুর সদর থানা পুলিশ ৩ জন ও মুজিবনগর থানা পুলিশ ২ জন আসামি গ্রেফতার করেছে।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম জানান, মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর ও জেলা গোয়েন্দা পুলিশের পৃথক টিম জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেছেন। গ্রেফতারকৃত আসামিদের আজ শুক্রবার (৮ নভেম্বর) আদালতে নেওয়া হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর জেলা পুলিশের নিয়মিত অভিযানে মাদকসহ বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মাদক মামলাযর ৩ জন, চুরির মামলায় ১ জন ও আদালতের পরোয়ানাভুক্ত পলাতক আসামি ২ জন।

সোমবার (২২ এপ্রিল) দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম জানান, আজ মঙ্গলবার (২৩ এপ্রিল) দুপুরে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করা হয়েছে। আজ রবিবার বিকাল ৫টার দিকে উপজেলার হাউলী ইউনিয়নের নতুন বাস্তপুর গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলা নতুন বাস্তপুর গ্রামের মৃত ওয়াজ মন্ডলের ছেলে মোঃ আলী কদর।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান এর নেতৃত্বে দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে ৩ মাসের সাজাপ্রাপ্ত একজন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

আজ রবিবার বিকাল ৫ টার দিকে এসআই ইউসুফ আলী সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন নতুন বাস্তপুর গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়ারেন্টভুক্ত আসামি নতুন বাস্তপুর গ্রামের মোঃ আলী কদর কে গ্রেফতার করে।

দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, ৩ মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত সাজা পরোয়ানাভুক্ত পলাতক আসামি আলী কদরকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা রয়েছে, তা বিচার প্রক্রিয়াধীন। আজ আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

মেহেরপুর পুলিশের অভিযানে ৬৭ টি মোবাইল ও ১ লক্ষ ১৮ হাজার টাকা উদ্ধার

মেহেরপুর জেলার বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৬৭ (সাতষট্টি) টি মোবাইল ফোন ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের সহায়তায় বিকাশে ভুলে চলে যাওয়া ১ লক্ষ ১৮ হাজার টাকা এবং উদ্ধার করে প্রকৃত মালিকদেরকে হস্তান্তর করেছে জেলা পুলিশ।

আজ রবিবার (১০ মার্চ) দুপুরের দিকে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে এ সব উদ্ধারকৃত মোবাইল ফোন ও নগদ টাকা তাদেও হাতে তুলে দেওয়া হয়।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ কামরুল আহসান বলেন, মেহেরপুর জেলা পুলিশের অভিভাবক পুলিশ সুপার এসএম নাজমুল

হক, বিপিএম (বার), পিপিএম এর নির্দেশনায় সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, মেহেরপুরের চৌকস টিম, মেহেরপুর জেলার বিভিন্ন থানার জিডি এবং অভিযোগের প্রেক্ষিতে তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে ভিকটিমদের নিকট থেকে ভুলক্রমে বিকাশে চলে যাওয়া সর্বমোট ১ লক্ষ ১৮হাজার টাকা ও হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ৬৭ (সাতষট্টি) টি মোবাইল ফোন উদ্ধার করি এবং প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা গোয়েন্দা পুলিশের অফিস ইনচার্জ সাইফুল আলমসহ সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ও জেলা গোয়েন্দা পুলিশের অন্যান্য কর্মকর্তাগণ।

পরে ভুক্তভোগীরা অত্যন্ত খুশি হয়ে বাংলাদেশ পুলিশ এবং সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, মেহেরপুরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

গাংনীতে পুলিশের অভিযানে গাঁজাসহ একজন আটক

১০০ গ্রাম গাঁজাসহ আলাউদ্দিন ওরফে আলা (৫০) নামের এক মাদক কারবারী আটক করেছে গাংনী থানা পুলিশ।

আলাউদ্দিন গাংনী উপজেলার হিন্দা গ্রামের ভিটাপাড়া এলাকার পাচু মন্ডলের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে আটটার দিকে তার নিজ বাড়িতে পুলিশ অভিযান চালিয়ে তাকে ১০০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেন।

গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহীন মিয়া সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এই ঘটনায় পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আসামি আলাউদ্দিনকে আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে বলে জানান তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে টাপেন্ডাডল ট্যাবলেট সহ ব্যবসায়ী আটক

দামুডহুদার কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে ৪৮পিচ টাপেন্ডাডল ট্যাবলেট সহ ইকতিয়ার রহমান নামে এক উষধ ব্যবসায়ীকে আটক করেছে।

আটককৃত ব্যাক্তি হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের আ: রাজ্জাক মালিথার ছেলে। গতকাল সোমবার রাত সাড়ে আটটার দিকে কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে হাতেনাতে আটক করে।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবিরের নির্দেশে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই ইমরান হোসেন এএসআই মোসলেম উদ্দীন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৪৮পিচ টাপেন্ডাডল ট্যাবলেট সহ তাকে আটক করে। আটককৃতকে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়।

জীবননগরে পুলিশের অভিযানে

সাবেক চেয়ারম্যান আটক

জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে জীবননগর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি ও উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দিবাগত রাতে গোপন তথ্যের ভিত্তিতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে জীবননগর থানার এসআই(নি:) মোঃ সিরাজুল ইসলাম, সঙ্গীয় অফিসার ফোর্সসহ উথলী ইউনিয়নে বিশেষ অভিযান পরিচালনা করে রাত ০৩.৪৫ শের সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনের হুদা এলাকা থেকে সেনেরহুদা গ্রামের মৃত আফসার আলীর ছেলে উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আবুল কালামকে(৫৮) আটক করে পুলিশ। যার জীবননগর থানার মামলা নং ২৬।

দর্শনা পুলিশের অভিযানে ১ কেজি গাঁজাসহ মহিলা গ্রেফতার

দর্শনায় থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি গাঁজাসহ নুরজাহান (৩৮) নামে এক মহিলা গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃত নুরজাহান দর্শনা থানার পারকৃষ্ণপুর (মাঝপাড়া) গ্রামের মোঃ এরশাদ আলী স্ত্রী। আজ রবিবার বেলা ১১ টার দিকে তাকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ জানান, জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন এর সার্বিক দিকনির্দেশনায় দর্শনা থানা পুলিশ কর্তৃক বিশেষ অভিযানে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এসআই (নিঃ) মোঃ সুজন আলী সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে আজ রবিবার বেলা ১১ টায় দর্শনা থানাধীন কৃষ্ণপুর গ্রামস্থ কৃষ্ণপুর ডাঙ্গার মাঠের জনৈক ফারুক মল্লিকের আবাদী জমির উত্তর পার্শ্বে দর্শনা-হিজলগাড়ী গামী পাঁকা রাস্তার উপর থেকে মোছাঃ নুরজাহান (৩৮) কে ১ কেজি গাঁজাসহ

গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।